# যীশু খ্রীষ্ট -২




যীশুর জন্মের এক মাস পর, মরিয়ম এবং যোষেফ বেথলেহেম থেকে জেরুশালেমে গেলেন এবং সেই শিশুটিকে স্বীকৃতি প্রদান এবং উৎসর্গের জন্য প্রস্তুতি নিলেন।
আমাদের দুটি কবুতর দেবেন কি?
আহ্ , হ্যাঁ।
আপনারা কি আপনাদের ছেলের উৎসর্গের জন্য এগুলো নিচ্ছেন ?
হ্যাঁ।
আমরা এই দুটি নেব।
এটা খুবই সামান্য উপহার
আমাদের মেষ শাবক কেনার সামর্থ নেই, মরিয়ম।
আমি জানি। আমি জানি।
আমার আত্মীয়রা মনে করে আমি এখানে কিছু কাঠের কাজ খুঁজে পেতে পারি।
আমরা কি বেথলেহেমেই থাকছি?
আমি জানি না...
আমরা হয়ত বেশি দিনের জন্য এখানে থাকতে পারব না, কিন্তু আমি হয়ত তোমাদের ভরণ-পোষণের জন্য পর্যাপ্ত অর্থ জোগাড় করতে পারব। হয়ত একটি বাড়িও বানাতে পারব...
আমাদের তো বাড়ি আছেই! তুমিই তো সেটি বানিয়েছ!

লূক ২:২২-২৪


আমি জানি। কিন্তু যদি বেথলেহেমে আমার জন্য কাজ থাকে, তাহলে আমাদের এই বিষয়টিই বিবেচনা করা উচিত।
আমি শুধু আমাদের পরিবারের জন্য সবচাইতে ভালটাই চাই।
আমি এটি ভেবে দেখব।
ভাল করে দেখ, যীশু।
তুমি এখানে অনেক কিছু দেখতে যাচ্ছ।
আমাদের পরিবারের সবাই প্রতি বছর নিস্তার পর্ব পালনের জন্য এখানে আসে।
কিছু মনে করবেন না!
আপনাদের সন্তান!
আমি আপনাদের সন্তানকে এই মাত্র দেখলাম!
আমি কি আপনাদের কোনভাবে সাহায্য করতে পারি?
আপনাদের হয়ত এটা বিশ্বাস করতে কষ্ট হবে, কিন্তু আমাকে এখানে এসে আপনাদের সন্তানকে খুঁজতে বলা হয়েছিল!
আপনি এসব কি বলছেন?
আমি দু:খিত। আমার নাম শিমিয়োন। প্রভু আমাকে এখানে আসতে বলেছেন।
আমি বুঝি নি কেন তিনি বললেন, কিন্তু এখন আমি আপনাদের সন্তানকে দেখেছি--সে ই হল তার কারণ!
আমি দু:খিত। আমি সব খুলে বলছি।
অনেক আগে, ঈশ্বর আমার সাথে কথা বলেছিলেন। তিনি আমকে বলেছিলেন যতক্ষণ না পর্যন্ত আমি ইস্রায়েলের প্রতিজ্ঞাত মসীহ্ কে দেখছি ততক্ষণ পর্যন্ত আমি মরবো না!
আপনাদের সন্তান! ইনিই তিনি!
আমি কি তাঁকে কোলে নিতে পারি?
হ্যাঁ। অবশ্যই।


তার নাম... তার নাম কি?
তার নাম হলো যীশু।
যীশু... আমি বিশ্বাসই করতে পারছি না এই দিন সত্যিই এসেছে!



মরিয়ম?
এটা ঠিক আছে, যোষেফ ।
ঠিক আছে।


ঈশ্বর! সর্বশক্তিমান ঈশ্বর, সবকিছু তাঁর প্রতিশ্রুতি অনুসারেই হয়েছে।
আমি এখন শান্তিতে বিদায় নিতে পারব এটা জেনে যে, আমি সেই প্রতিজ্ঞাত মশীহ্ কে দেখেছি!
আমার চোখ দুটি তাঁর পরিত্রাণ দেখতে পেল!
আমার চোখ তাঁকে দেখল যিনি অযিহুদিদের জন্য আশার আলো হবেন!
আমার চোখের সামনে তাঁকেই দেখছি যিনি ইস্রায়েলের পক্ষে ঈশ্বরের গৌরবের আলো হবেন!

লূক ২:২৮-৩২


এই শিশুটির একটি মহৎ উদ্দেশ্য আছে।
তিনি ইস্রায়েলের লোকদের উত্থান এবং পতনের কারণ হবেন।
তাঁর কথা মানুষের অন্তরে গেঁথে যাবে ,এবং তাদের অন্তরের সত্যিকারের চিন্তা প্রকাশ করবে।
এবং...
এবং একটি দ্বিধার খড়গ তোমার অন্তরে প্রবেশ করবে।

লূক ২:৩৩-৩৫


হান্না! তাড়াতাড়ি এখানে আস!
হান্না একজন ভাববাদীনী! তাঁরও এই শিশুটিকে দেখা উচিত!
এই শিশুটি, শিমিয়োন!
তুমি তো জান এই শিশুটি কে, তাই না?
তাঁর জন্যই তো তুমি এতদিন ধরে অপেক্ষা করছিলে!
ইনিই তিনি যাকে দেখার বিষয়ে প্রভু তোমাকে প্রতিশ্রুতি দিয়েছিলেন!
আমার চোখদুটি অনুগ্রহ পেল!
আজই সেই দিন!
প্রভুর প্রতিজ্ঞাত মসীহ্! ঈশ্বরের দেয়া উদ্ধারকর্তা!
যারা জেরুশালেমের মুক্তির জন্য খোঁজ করছে, তারা এর থেকে ভাল কিছু পেতে পারে না!
তিনি এসেছেন! এই ছোট্ট শিশুটির রূপে!
যোষেফ, চল আমরা ভেতরে যাই...
আমরা যে জন্য এসেছি তা করি।
আর মরিয়ম এবং যোষেফ মোশীর আইন অনুসারে তাদের বলি উৎসর্গ করলেন, একটি বলি বিশুদ্ধতার জন্য, অন্যটি আত্মোৎসর্গের জন্য।

লূক ২:৩৬-৩৮


দুই বছর পর।
মাঝে মাঝে আমি ভাবি যে, আমরা যদি নাসরতে ফিরে যাই তাহলে কেমন হবে।
আমিও তো তাই ভাবি, মরিয়ম, কিন্তু এটাই আমাদের জন্য ভাল।
নাসারতে, যথেষ্ট কাজ নেই, আমাদেরকে আমার বাবা ও ভাইয়ের সাথে ভাগাভাগি করে থাকতে হবে।
এখন, এখানে, আমি আমাদের জীবনযাত্রার মান বেশ ভালই করতে পেরেছি।
হ্যাঁ, কিন্তু আমাদের তিনজনের জন্যই এটা যথেষ্ট!
আর পরে যদি আমাদের আরও সন্তান হয় তখন কি হবে?
দেখ, যতক্ষণ না তুমি এমন কিছু জানছো যা আমি জানছি না, ততক্ষণ আমরা তিনজনই থাকছি।
আমি এটা বলছি না যে আমি বাড়িতে যেতে চাচ্ছি না।
আমি শুধু আপাতত বেথলেহেম ছেড়ে যেতে চাচ্ছি না!
যোষেফ, আমার পরিবারের কথা খুব মনে পড়ে। আর আমি তোমার তৈরী সেই বাড়িতেই থাকতে চাই।
তোমার পরিবারের সাথে কাজ ভাগাভাগি করা অতটা খারাপ কিছু নয়, যখন তারাই জেরুশালেমে একমাত্র কাঠের মিস্ত্রী।
বরং আমি আমার পরিবারের সাথে থাকতে নিরাপদ বোধ করব--
এটা কিসের শব্দ?
শব্দ শুনে তো মনে হচ্ছে অনেকগুলো ঘোড়া, এক বিশাল ঘোড়ার পাল।
যীশু সেখানে আছেন...
যীশু!
যীশু!

লূক ২: ৩৬-৩৮




মথি ২:১১


এই শিশুটি।
আমরা একটি তারা দেখেছি যেটা আমাদের এখানে আসতে সাহায্য করেছে।
আমরা জানতাম যে এটি মহান এক শিশুর জন্মের ফলে হয়েছে।
আর ইনিই তো সেই শিশুটি,তাই না?
তাঁর নাম যীশু।
আমরা যা খুঁজছিলাম তা পেয়েছি!
নতুন রাজার গৌরব হোক!
জয় মসীহের জয়!
জয় মসীহের জয়!

মথি ২:১১


দয়া করে আমাদের এই সামান্য ঘর দেখে কিছু মনে করবেন না।
সামান্য? আমাদের তো তা মনে হয় না! যে কোন ঘর যা রাজার সেটি সামান্য নয়!
আমরা জানি যে আপনাদের ছেলে কে।
আমরা তাঁর ভূমিকা বুঝি।
যখন আমরা সেই তারাটি দেখেছি তখন খুব আশ্চর্য হয়েছি যে আমাদের এতদিনের ভবিষ্যদ্বাণীর চূড়ান্ত একটি উত্তর পেতে চলেছি!
"উত্তরটি আমাদের গ্রন্থাগারের শত বছর পুরোনো কিছু পুঁথিতে লেখা ছিল যেগুলো আমাদের নিজেদের কিছু লোকেরা লিখেছিল।"
আমরা তারাটি অনুসরণ করলাম এবং আশা করেছিলাম এটি আমাদেরকে আপনাদের কাছে নিয়ে আসবে!"
কিন্তু যখন আমরা এটি আর দেখতে পেলাম না তখন আমরা যেরুশালেমে গেলাম, যেখানে আমরা নবজাতক রাজার দেখা পেতে পারি!
আপনাদের রাজা আমাদেরকে কিছুটা সাহায্য করেছেন. কিন্তু তাঁর কিছু পরামর্শক আরো ভবিষ্যদ্বাণীও খুঁজে পেয়েছেন যেটি আমাদের বেথলেহেমের দিকে ইঙ্গিত করে।
রাজা হেরোদ আমাদের এটা বলে পাঠিয়েছেন যে,
দয়া করে শিশুটিকে খুঁজে বের করুন, এবং তাঁকে আশীর্বাদ করুন ও তাঁর আরাধনা করুন! কিন্তু এখানে ফিরে এসে আমাকে তাঁর বিষয়ে বলতে ভুলবেন না যে তিনি কোথায় আছেন,যাতে আমিও গিয়ে তাঁকে প্রণাম করতে পারি!
"তখন থেকে, সেই তারাটি আবার দেখা গেল যাতে আমরা সেটিকে অনুসরণ করতে পারি, আর দেখুন এর কারণে এখন আমরা এখানে!"
"অবশ্যই আপনাদেরকে খুঁজে বের করা তেমন কঠিন ছিল না। স্পষ্টত, তাঁর জন্মে, বেথলেহেমের মত ছোট্ট নগরে বেশ ভালই আলোড়ন সৃষ্টি হয়েছে!"
" তারার আবির্ভাব এবং স্থানীয়দের মধ্যে স্বর্গদূতদের আগমন, এবং অবশ্যই ভবিষ্যদ্বাণীসমূহ, এসব মিলিয়ে আমরা নিশ্চিত ছিলাম যে আমরা সাধারণ কোন নবজাতক রাজার দেখা পেতে যাচ্ছি না, কিন্তু তার থেকেও আরও বেশি শক্তিশালী এবং অসাধারণ কারও দেখা পেতে চলছি।"


এই শিশুটি শুধুমাত্র একজন রাজা নন।
আমি ঠিক বুঝতে পারছি না যে তাঁর জন্য যে উপহার এনেছি তা সঠিক হবে কিনা।
এগুলো তাঁকে দেয়ার যোগ্য নয়!
স্বর্ণ! বিশুদ্ধ এবং স্বর্গীয়, একজন রাজার জন্য রাজকীয় যোগ্যতা বিশিষ্ট উপহার!
কুন্দুরু! এক প্রকার সুগন্ধি যুক্ত ধূপ যেটি দেবতাদের যোগ্য!
গন্ধরস! এক ধরণের মশলা যেটি সবচেয়ে সুগন্ধযুক্ত!
পন্ডিতদের বেথলেহেমে থাকা স্বল্পস্থায়ী হলেও কার্যকরী ছিল।
হঠাৎ, একদিন ভোরে তারা তাদের জিনিসপত্র নিয়ে বিদায় নিলেন।
এখানে কোন সন্দেহ নেই। আমাদের যেতেই হবে, কারণ আমরা রাজা হেরোদকে প্রতিশ্রুতি দিয়েছি যে, আমরা আপনাদের সন্তানকে খুঁজে বের করার বিষয়ে তাকে জানাব...
কিন্তু গত রাতে, একটি স্বর্গদূত আমাদেরকে স্বপ্নে বলেছেন যে রাজা হেরোদকে এড়িয়ে গিয়ে অন্য পথ দিয়ে প্রস্থান করতে।
আমরা দীর্ঘকাল ধরে আধ্যাত্মিকতার গুরুত্ব বোঝার জন্য স্বর্গের খোঁজ করেছি!
আর এখানেই, আমরা শেষ পর্যন্ত সেটা পেয়েছি!
আমরা আপনাদের লোকদের লেখাগুলো আরও পড়বো--
এবং দেখব আপনাদের সন্তান কি করতে যাচ্ছেন!
আরেকজন স্বর্গদূত।
আমি জানি না কোনটি বেশি বিস্ময়কর, এখন পর্যন্ত যীশুর জীবনে স্বর্গদূতদের জড়িত থাকার বিষয়টি... নাকি এটা যে আমি এই বিষয়ে আর বিস্মিত নই!


তারা কোথায়..!
তারা কোথায়..!
মহাশয়, তারা বেথলেহেম থেকে অনেক আগেই রওনা দিয়েছেন।
এখন পর্যন্ত আমরা যা শুনেছি তারা অনেত আগেই রওনা দিয়েছেন আর এতক্ষণে তাদের পৌঁছে যাওয়ার কথা, এবং এখনও--
এবং এখনও, তারা এখানে নেই!!!
তারা এখানে নেই!!!
তারা এখানে নেই!!!
যদি এই কথাগুলো প্রকাশিত হয় যে, এই পন্ডিতেরা-- "এই রাজা সৃষ্টিকারকরা " — একটি শিশুকে সম্মানিত করেছে--

মথি ২:১৬


-- যদি কৈসর এই বিষয়ে ঘূর্ণাক্ষরেও টের পান তাহলে এটি খারাপ পরিণতির দিকে যাবে!
বাবা আপনি এই মুহূর্তে সিংহাসনের জন্য হুমকিস্বরূপ কিছু আসতে দিতে পারেন না!
আমিও দেব না!!
যদি সেই বোকারা আমার কাছে না ফিরে আসে এবং আমাকে না বলে কোন শিশুটিকে হত্যা করতে হবে...
তাহলে আমরা অবশ্যই তাদের সবাইকে হত্যা করব।
তারা আমাদেরকে যা বলেছেন এবং ভবিষ্যদ্বাণী থেকে আমরা যা বুঝতে পারি তা হল আমরা যদি এই হুমকির বিষয়টি থেকে নিশ্চিত হতে চাই, তাহলে আমাদের অবশ্যই সকল ছেলে শিশুকে হত্যা করতে হবে!
মহাশয়, নিশ্চিতভাবেই এটা তদন্ত করার জন্য সহজ হবে!
স্থানীয়দেরকে পন্ডিতদের আসার বিষয়ে জিজ্ঞাসা করলে, হয়ত--
বোকা!!!
আমার বাবা যা বলেন তাই কর!
এই সিংহাসন শুধুই আমার বাবার, আর কারও নয়, আর এই গুজব ওঠা "সদ্য জন্মানো রাজারও নয়"- কেউ এটি কেড়ে নিতে পারবে না!
যাও! আমার বাবার বিশ্বস্ত কিছু সৈন্যদের জড়ো করো এবং এই নির্দেশ দাও!


বেথলেহেম।
যোষেফ, ওঠ!
শীঘ্রই তোমার স্ত্রী এবং সন্তানকে নিয়ে এই দেশ থেকে চলে যাও। তুমি মিশরে যাবে এবং আমি যতদিন না ফিরে আসতে বলছি ততদিন ওখানেই থাকবে।
কি?
রাজা হেরোদ শিশুটিকে হত্যা করতে চেয়েছেন। তোমাকে যেতেই হবে।
কিন্তু...
আমি কীভাবে...
মরিয়ম?
কি হয়েছে, যোষেফ?
ওঠ, তাড়াতাড়ি ওঠ।
একজন স্বর্গদূত একটু আগে স্বপ্নে আমাকে বললেন যে, রাজা হেরোদ যীশুকে হত্যার নির্দেশ দিয়েছেন।
আমাদের এক্ষুণি এই দেশ ত্যাগ করা উচিত।

মথি ২:১৩



আর মরিয়ম ও যোষেফ যীশুকে নিয়ে স্বর্গদূতের আদেশ অনুসরণ করলেন...
মহাশয়,দয়া করে, আমাদের আজকে রাতের জন্য একটা থাকার জায়গা দিন।
একটি কক্ষ খালি আছে। কিন্তু এত রাতে আপনাদের জন্য এটাকে প্রস্তুত করাটা...
আমরা আপনাকে এই স্বর্ণের মুদ্রা দেব।
এটাতে হবে আশা করি।
...এমনকি রাজা হেরোদের সৈন্যরাও তার এই আদেশ অনুসরণ করে।
মিশরে,তারা যোষেফের কাঠমিস্ত্রীর দক্ষতা এবং পন্ডিতদের উপহারের অর্থ দিয়ে আবারও তাদের সংসার শুরু করল।



রাজা হেরোদের দুর্গে।
খুব বেশিদিন আগের নয়।
...আর,আমি , মহান কৈসর, তোমাদের আবারও আদেশ দিচ্ছি যে,
"...আমি যেভাবে বলেছি।"
বাবা!
এটা কেমন প্রতারণা?
আপনি কি আমাকে ফিলিপ এবং আর্খেলস এর সাথে এই দেশ ভাগ করার পরিকল্পনা করছেন?
ছেলে আমার!
--আহ্-- আমি জানি কোনটি তোমার আর এই দেশের জন্য সবচেয়ে ভাল হবে!
বাবা, আপনি আমার থেকে বেশি জানেন, কিন্তু এটা আমার বা এই দেশের জন্য ভাল বিষয় নয়।
উফ। এটা কিসের দুর্গন্ধ? সারা কক্ষ থেকেই পঁচা দুর্গন্ধ আসছে!
নিজেকে দেখুন, মহান রাজা হেরোদ, যিহূদীদের রাজা!
বাবা, আপনার জীবনের সম্পূর্ণটাই এই রাজ্যের নিরাপত্তার জন্য ব্যয় করেছেন!
আপনি নিজের স্ত্রীদের এবং শিশুদের এবং এমনকি নিজের কিছু ছেলেদেরও হত্যা করেছেন যাতে আপনার সিংহাসনের স্থায়ীত্ব বৃদ্ধি পায়!
কিন্তু আজ আপনার কি পরিণতি, বাবা! আজ আপনি ব্যর্থ!
শেষ পর্যন্ত আপনার রাজ্য আপনার কাছ থেকে ছিনিয়ে নেয়া হয়েছে!
এখানে ফিরে আস বলছি!
একজন সত্যিকার পুরুষের মত আমার সাথে মোকাবিলা কর!
তুমি বোকা, বোকা... ইয়া...


রাজা হেরোদের মৃত্যুর পর, কৈসর সেই রাজ্যকে নিজের ইচ্ছামত, তার তিন ছেলের মধ্যে ভাগ করে দিলেন।
রাজা হেরোদের মৃতদেহ রাজকীয়ভাবে সুসজ্জিত একটি দুর্গে সংরক্ষিত রইল।
আর হেরোদের মৃত্যুর কিছুদিন পর..
যোষেফ, ভয় কোরো না।
ওঠ। তুমি তোমার সন্তান ও তাঁর মা কে নিয়ে ইস্রায়েলে ফিরে যাও।
যারা সেই শিশুটির খোঁজ করছিল তাদের কেউ আর এখন বেঁচে নেই। এখন ফিরে যাওয়া নিরাপদ হবে।
আরও একবার, যোষেফ স্বর্গদূতের নির্দেশনা অনুসরণ করলেন।
আমাদের বাড়িতে পৌঁছাতে আর কতক্ষণ লাগবে?
স্বর্ণমুদ্রাও প্রায় শেষ পর্যায়।
আর মাত্র কয়েকটি রাত।
আর শেষ পর্যন্ত তারা তাদের বাড়ি, নাসারতে পৌঁছাতে সক্ষম হলেন।

মথি ২:১৯-২১



যীশুর ১২ বছর বয়সে, প্রথা অনুযায়ী,তাঁর বাবা মা পরিবারসহ নিস্তার পর্ব পালনের জন্য যেরুশালেমে এলেন।
নিস্তার পর্ব শেষ করে নাসরতে যাবার সময়, মরিয়ম এবং যোষেফ তাদের সমাজের নিয়ম অনুযায়ী যাচ্ছিলেন, যেখানে পুরুষরা তাদের দলের পেছনের দিকে এবং মহিলা আর শিশুরা সামনের দিকে ছিলো।
তোমার কোন অসুবিধা হচ্ছে না তো?
মরিয়ম, আমি এই গাধার পিঠে দিনের বেশিরভাগ সময় ধরে বসে আছি!
তুমিই আমাকে বল!
এস ,আমি তোমাকে একটু সাহায্য করি। তুমি তোমার পেশিগুলোকে একটু শিথিল করতে পারো।
আমি এর অনুভূতি জানি। আমি এর আগেও এমনভাবে ভ্রমণ করেছি।
তুমি?যখন তোমার ক্লান্ত হাড়গুলি আমার হাড়ের মত ক্ষয়প্রাপ্ত হবে তখন তুমি বুঝবে।
তখন আমার গর্ভে যীশু ছিল।
তুমি হয়ত এটা নিয়ে পরে ভাববে যে সখরিয়ের সাথে যা ঘটেছিল সেখান থেকে আমি শিখেছি যে কখন আমার কথা বলা উচিত নয়!
আমার সাথে আসার জন্য ধন্যবাদ।
এটিই যোহনের পুরুষদের সাথে হাঁটার প্রথম বছর, আর সে এই সুযোগ পেয়ে একবারে ঝাঁপিয়ে পড়েছে।
বিগত ১২ বছর আমার সাথে তার থাকার পর, এখন এটি আমার একাকীত্ব তৈরী করেছে।


লূক ২:৪১-৪২


তুমি কী ভাবছ যে সে তার বাবার মত একজন যাজক হবে?
সে কি তার বাবার পথ অনুসরণ করবে?
হ্যাঁ।
একজন যাজক হিসেবে?
না।
সে পড়াশোনায় অন্য সব ছেলেদের থেকে ভাল।
কিন্তু... সে যথেষ্ট উপযুক্ত নয়।
সে খুবই... স্বাধীনমনা।
শুধু তুমিই এটা বুঝতে পারবে।
সে অন্যকিছুর জন্য মনোনীত।
তো হ্যাঁ, সে তার বাবার মত হবে এবং লোকদেরকে ঈশ্বরের দিকে নিয়ে আসবে।
কিন্ত সে মন্দিরের ভেতরের কেউ হবে না।
আমি বুঝতে পারছি তুমি কি বলতে চাচ্ছো।
এবং তুমি যা বোঝাতে চাচ্ছো সেটা নিয়ে আমার ভয় আছে।
স্বর্গদূতেরা আমার ছেলের জন্মের কথা নিয়ে আসল এবং হেরোদ যে আমার ছেলেকে হত্যা করতে চেয়েছে আর সেজন্য বেথলেহেম থেকে চলে যাওয়ার বিষয়ে আমাদের সতর্ক করেছিল!
একজন ভাববাদী এই ভবিষ্যদ্বাণী করেছেন যে, যীশু অনেক আশ্চর্য কাজ করবেন, এবং এও বলেছেন যে, একটি তলোয়ার আমার আত্মাকে ছেদ করবে!
আমি আমার ছেলেকে হারাতে চাই না!
মরিয়ম, মরিয়ম...


যীশু, আর যোহনও, আমার মনে হয়, তারা যে আমাদের ছেলে তার থেকেও তারা আরও বেশি কিছু!
--আর তারা আরও অনেক মানুষের কাছে অনেক বেশি মূল্যবান হবেন!
হতে পারে, কিন্ত সে আমার ছেলে এবং আমি তার মা আর--
মা?
কি হয়েছে, বাবা?
মা, তুমি কি যীশুকে দেখেছ?
সে যেরুশালেমে যাবার সময় আমার সাথে খেলেছে আর আমি আশা করছি সে আমার সাথে বাড়িতে যাওয়ার সময়ও খেলবে!
কিন্তু আমি জানি না সে কোথায় আছে!
আর আমি তোমাকে সত্যি বলছি, ষাঁড়টি কাদায় নিজের পেট পর্যন্ত তলিয়ে গিয়েছিলে, কিন্তু হারোণ সেই ষাঁড়টিকে কাদা থেকে তোলার জন্য সেটির গলার দড়িটি ধরার জন্য যখন কাদায় পা দিল...
...সে তার গলা পর্যন্ত কাদায় ডুবে গেল!
যোষেফ!
ও- ও , জো!
তোমার স্ত্রী, তোমাকে ডাকছে!
আর আমার শীঘ্রই তাকে উত্তর দেয়া উচিত! তাকে চিন্তিত মনে হচ্ছে...


মরিয়ম, কি হয়েছে?
যীশু কোথায়? ও কি তোমার সাথে?
কি? না, ও তো তোমার সাথে ছিল!
সে মহিলা আর শিশুদের সাথেও নেই, আর সে যেহেতু বড়দের সাথে চলার জন্য উপযুক্ত হয়েছে, আমার মনে হয়...
চল আমরা তার অন্য ভাই-বোনদেরকে জিজ্ঞাসা করি যদি তারা তাকে দেখে থাকে!
আমি সামনের অন্য মায়েদের সাথে কথা বলেছি, কিন্তু কেউ তাকে দেখেনি।
তাহলে সে হয়ত এখানেই কোন বড় ছেলেদের সাথে রয়েছে।
অথবা, সে হয়ত ফিরে গেছে--
"—জেরুশালেমে!"
আমার তোমার সাথে প্রথমেই দেখা উচিত ছিল যে ও তোমার সাথে আছে কি না।
মরিয়ম, না।
যীশু এমন কাজ আগে কখনও করেনি। তুমি কীভাবে এই বিষয়ে আশা করছিলে?



যেরুশালেমে, তারা যীশুকে খুঁজতে লাগল।
মরিয়ম এবং যোষেফ! তো, তোমাদের সাথে আবারও দেখা হয়ে গেল?
তোমরা কি নাসরতে ফিরে যাচ্ছ না?
আপনারা কি এখানে কিছু ফেলে গিয়েছেন?
না... মানে, হ্যাঁ...
আমরা যীশুকে খুঁজছি। সে আমাদের দলের সাথে নেই।
ও, আচ্ছা।
সে এখানে নেই। আমি দু:খিত।
ধন্যবাদ।
আমার কেন যেন মনে হচ্ছে আমরা তাকে পেছনে ফেলে এসেছি।
যদি রাস্তায় সে কোনভাবে আহত হয়?, আর আমরা তো তাকে শহরের মধ্যে খুঁজছি।
মরিয়ম, এভাবে ভেব না। শুধু তাকে খুঁজতে থাক।
আর প্রার্থনা কর।
কিছু মনে করবেন না, আমি আমার ছেলেকে খুঁজে পাচ্ছি না।
তার বয়স ১২ বছর এবং সে হয়তো একা কোথাও ঘুরছে। উচ্চতা মাঝারি গড়নের, চুল কালো রঙের।
দেখুন, আপনি এই মাত্র শহরের অর্ধেক বালকদের বর্ণণা দিলেন!
আমরা দেখলাম আপনি একই জায়গাতে দিনের বেশিরভাগ সময় ছিলেন, তাই আমরা ভাবলাম আপনি হয়ত তাকে দেখেছেন!
আমি আপনার কষ্ট বুঝি--আমার ৮ জন সন্তান আছে--কিন্তু সত্যিই আমি আপনাকে সাহায্য করতে পারছি না!
এভাবে আর হবে না! এই শহরটি আসলেই অনেক বড়!
আমরা তাকে সব জায়গাতেই খুঁজেছি যেখানে সে যেতে পারে!
দাঁড়াও, আমরা এখনও সব জায়গা খুঁজি নি!
লূক ২:৪৫-৪৬



-- তুমি একটি দারুণ বিষয় বলেছ, যুবক, এই বিষয়টি আমি এর আগে চিন্তা করিনি!
কিন্তু তুমি আইনের গুরুত্বকে অস্বীকার করতে পার না!
মনে রেখ, এই আইন ঈশ্বর কর্তৃক আমাদেরকে দেয়া হয়েছে, এবং এটি কোন কারণ ছাড়া দেয়া হয় নি!
কিন্তু এগুলোই একমাত্র আইন নয় যেগুলো আমাদের অনুসরণ করতেই হবে।
আমার মনে হয় না এই প্রশ্নটি অতটা গুরুত্বপূর্ণ যে "কীভাবে আমরা আইন অনুসরণ করব?"
বরং, আমাদের এই বিষয়ে সতর্ক হওয়া উচিত যে, " যিনি আমাদের এই আইন দিয়েছেন তাঁকে আমরা কীভাবে অনুসরণ করব?"
হাহ্! ভাল বলেছ, বালক!
প্রকৃতপক্ষে ভালই বলেছ!
যীশু!

লূক ২:৪৬-৪৭


বাবা, তুমি আমাদের সাথে কেন এমন করলে?
আমি তোমার চিন্তায় প্রায় অসুস্থ হয়ে গেছি !
আমরা তোমাকে সব জায়গায় খুঁজেছি!
আমরা ভেবেছিলাম তুমি হয়ত কোনভাবে আহত হয়েছ... অথবা এর থেকেও খারাপ কিছু!
আমি তোমাকে হারানোর চিন্তা আর সইতে পারছিলাম না!
কি হল? তোমার মায়ের প্রশ্নের উত্তর দাও।
তোমার এইভাবে হারিয়ে যাওয়ায় আমি আর তোমার মা সারা শহর তোমাকে খুঁজেছি, এই বিষয়ে তুমি কি বলবে?
তোমরা কেন আমার খোঁজ করছিলে?
তোমরা কি জান না আমি এখানে থাকব? আমার পিতার ঘরে?

লূক ২:৪৮-৫০


আস, বাবা।
আমাদের ঘরে ফেরার সময় হয়েছে।
ধন্যবাদ, আমাদের সাথে কথা বলার জন্য!
এটা খুবই জ্ঞানময় ছিল! আমার মাথা অনেক, অনেক দিন ধরে এমনভাবে ব্যবহৃত হয় নি!
কিন্তু, মোশীর আইনে বলা আছে, “ তোমার পিতা এবং মাতাকে মান্য করিবে!”
এই ছেলেটি সত্যিই অসাধারণ!
হ্যাঁ, আমি তা জানি!
তার এমন বিষয়ে জ্ঞান আছে যে বিষয়ে আমি এবং আমার সহকর্মীরা খুব কমই উপলব্ধি করেছি!
সে মহৎ কিছুর জন্য মনোননীত!
তোমার কোন ধারণাই নেই!
লূক ২:৪৭-৪৮


এবং যীশু বড় হতে লাগলেন।
জ্ঞানে বৃদ্ধি পেতে লাগলেন।
বয়সে বৃদ্ধি পেতে লাগলেন।
লূক ২:৫২


ঈশ্বরের ভালবাসায় বড় হতে লাগলেন।
এবং মানুষের ভালোবাসায় বড় হতে লাগলেন।
আর মরিয়ম এই মূল্যবান বিষয়গুলো তার অন্তরে গচ্ছিত রাখলেন।
লূক ২:৫১-৫২